# জুলাই সনদ বাস্তবায়নে মতবৈষম্য, রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক আজ



সংগৃহীত ছবি

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের পদ্ধতি নিয়ে রাজনৈতিক দলের মধ্যে এখনও সমঝোতা হয়নি। এ নিয়ে জাতীয় ঐকমত্য কমিশন আজ আবারও রাজনৈতিক দলের সঙ্গে আনুষ্ঠানিক আলোচনা শুরু করবে।

জুলাই সনদ বাস্তবায়নের পদ্ধতি নিয়ে রাজনৈতিক দলগুলো এখনও একমত হতে পারেনি। এর মধ্যে সমঝোতায় পৌঁছানোর লক্ষ্যে জাতীয় ঐকমত্য কমিশন আজ বুধবার (১৭ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১১টায় রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে বৈঠক শুরু করবে। এটি হবে ১৫ অক্টোবর পর্যন্ত কমিশনের মেয়াদ বৃদ্ধি হওয়ার পর প্রথম আনুষ্ঠানিক বৈঠক।

এর আগে, কমিশন সনদ বাস্তবায়নের উপায় নিয়ে দলগুলোর সঙ্গে কিছু অনানুষ্ঠানিক আলোচনা করেছে। কিন্তু মতবৈষম্যের কারণে ১১ সেপ্টেম্বর থেকে ৩০টি দলের সঙ্গে আবারও আনুষ্ঠানিক আলোচনা শুরু করা হয়েছে।

উল্লেখ্য, ছয়টি সংস্কার কমিশনের প্রস্তাব (সংবিধান, নির্বাচন ব্যবস্থা, বিচার বিভাগ, দুর্নীতি দমন কমিশন, পুলিশ ও জনপ্রশাসন সংস্কার) নিয়ে দুই পর্বে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা হয়েছে। ইতোমধ্যে ৮৪টি বিষয়ে ঐকমত্য ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এগুলো নিয়ে তৈরি করা হয়েছে জুলাই জাতীয় সনদ। সনদের চূড়ান্ত খসড়া দলগুলোকে ইতিমধ্যেই দেওয়া হয়েছে। তবে বাস্তবায়নের পদ্ধতি নিয়ে মতবৈষম্যের কারণে সনদ কার্যকর হয়নি। কমিশন সিদ্ধান্ত নিয়েছে, বাস্তবায়নের পদ্ধতি সনদের অংশ হবে না, বরং সরকারকে এ বিষয়ে একটি সুপারিশ দেবে।

LENS ASIA